বাৎসরিক বাজেট
২০১৭-১৮

পরিকল্পনা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
বাজেট শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: www.mof.gov.bd

বাৎসরিক বাজেট
২০১৭-১৮

পরিকল্পনা বিভাগ

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: www.mof.gov.bd

বাৎসরিক বাজেট
২০১৭-১৮
সূচিপত্র

			পৃষ্ঠা নং
ক.	মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)	:	১
খ.	সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)	:	১১
গ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবী (অনুন্নয়ন ও উন্নয়ন)	:	১৫
ঘ.	বিস্তারিত বরাদ্দ (অনুন্নয়ন)	:	২১
ঙ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবী (উন্নয়ন)	:	২৯

ক. মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)

মঞ্জুরি নং - ১১

১৪ - পরিকল্পনা বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	প্রক্ষেপণ	
	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
অনুন্নয়ন	৭০,৬৫,০০	৭৭,৭২,০০	৮৫,৪৯,০০
উন্নয়ন	১২৬১,৯২,০০	২১৫,৭০,০০	২৩৭,২৭,০০
মোট	**১৩৩২,৫৭,০০**	**২৯৩,৪২,০০**	**৩২২,৭৬,০০**
রাজস্ব	১৪৫,০৬,৫০	১১২,৮১,১১	১১৩,১৩,৩৫
মূলধন	১১৮৭,৫০,৫০	১৮০,৬০,৮৯	২০৯,৬২,৬৫
মোট	**১৩৩২,৫৭,০০**	**২৯৩,৪২,০০**	**৩২২,৭৬,০০**

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই সার্বিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন।

১.২ প্রধান কার্যাবলি

১.২.১. দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন;

১.২.২. উন্নয়ন প্রকল্পের প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন, অনুমোদন সহজীকরণ ও সংশোধন;

১.২.৩. জাতীয় পরিকল্পনা, নীতিমালা ও কৌশল অনুযায়ী এডিপি ও আরএডিপি প্রণয়ন;

১.২.৪. আর্থসামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ ও গবেষকদের প্রণোদনা প্রদান এবং কার্যকর পরিকল্পনা ও উন্নয়নে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, জরিপ ও অনুসন্ধান কার্যক্রম গ্রহণ এবং প্রতিবেদন/জার্নাল প্রকাশ ;

১.২.৫. পরিকল্পনা কমিশনসহ পরিকল্পনা বিভাগের অধীন সংস্থা-দপ্তরসমূহের প্রশাসনিক দায়িত্ব পালন।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. কার্যকর জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদন দ্রুতকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ	• বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও পর্যালোচনা।	• সচিবালয়
	• বাংলাদেশ ডেল্টা পরিকল্পনা-২১০০ প্রণয়ন।	• সচিবালয়
	• ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন , পরিবীক্ষণ, মূল্যায়ন ও সংশ্লিষ্ট প্রতিবেদন প্রণয়ন।	• সচিবালয়

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
	• "পিইসি, এসপিইসি ও এডিপি পর্যালোচনা সভার আয়োজন, অনুষ্ঠান এবং পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় অংশগ্রহণ"।	• সচিবালয়, • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
	• টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (এসডিজি)ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন।	• সচিবালয়
	• একনেক ও এনইসি সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ।	• সচিবালয়
২. উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি।	• সরকারি/বেসরকারি কর্মকর্তাবৃন্দের জন্য বিভিন্ন মেয়াদি পেশাগত প্রশিক্ষণ প্রদান।	• জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
	• সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গবেষণা কার্যক্রমে প্রণোদনা প্রদান।	• সচিবালয়, • সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ
	• আর্থসামাজিক বিষয়ের উপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান/ফলাফল প্রকাশ ও প্রচার।	• বিআইডিএস
	• উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন।	• সচিবালয়

৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ **দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সুষম এবং টেকসই উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার প্রয়োজন অনস্বীকার্য। কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে ক্রমান্বয়ে আর্থ-সামাজিক উন্নয়ন হচ্ছে। এতে দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠী উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে এবং ২০২১ সাল নাগাদ দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠী ১৩.৫% (সাড়ে তের শতাংশ) কমার নির্ধারিত লক্ষমাত্রা অর্জন সম্ভবপর হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে নারীর প্রতি বৈষম্য ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে, আয়বর্ধক কার্যক্রমে নারীর অংশগ্রহণ এবং সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় নারীর সম্পৃক্ততা বৃদ্ধি পাচ্ছে। এর ফলে উন্নয়নের মূল স্রোতধারায় নারীর অংশগ্রহণ এবং ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১৭-১৮	প্রক্ষেপণ	
		২০১৮-১৯	২০১৯-২০
দারিদ্র্য নিরসন	১০৪০,৯৫,১৩	[illegible]	২০০,৬১,৩২
নারী উন্নয়ন	৪৯,২৪,৬৮	[illegible]	৩৯,৩৯,১৩

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
১. **পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন** বাংলাদেশের প্রথম প্রেক্ষিত পরিকল্পনায় (২০১০-২০২১) বিধৃত সামাজিক ও অর্থনৈতিক এজেন্ডা অর্জনের লক্ষ্যে ও ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১-২০১৫) এর ধারাবাহিকতায় জুলাই ২০১৫ হতে জুন ২০২০ মেয়াদে প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, সর্বোচ্চ কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র নিরসনের স্বার্থে নাগরিকের ক্ষমতায়নের লক্ষ্যে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিলটিকে দিক-নির্দেশনামূলক দলিল হিসেবে দুটি অংশে বিভক্ত করা হয়েছে। প্রথম অংশে কৌশলগত দিক-নির্দেশনাসমূহ, নীতিকাঠামো এবং সামষ্টিক অর্থনৈতিক সূচকসমূহের প্রাক্কলন অর্জনের কৌশলসমূহ ও সম্ভাব্য অর্থায়ন সম্পর্কে বর্ণনা করা হয়েছে। দ্বিতীয় অংশে জাতীয় বাজেটের সঙ্গে সঙ্গতি রেখে মোট ১৩টি সেক্টরে খাতভিত্তিক কৌশল, কর্মসূচী এবং নীতিসমূহ বর্ণনাসহ প্রতিটি খাতে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সম্ভাব্য বরাদ্দ প্রাক্কলন করা হয়েছে। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) সাথে সামঞ্জস্য রেখে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণের উদ্দেশ্যে গৃহীত "Preparation and Monitoring of Medium Term Development Plans (Seventh Five Year Plan)" শীর্ষক প্রকল্পের মাধমে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হবে।	• কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ
২. **প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নঃ** সরকারের দীর্ঘমেয়াদি রূপকল্প ও প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য "Mid-term Review of the Perspective Plan of Bangladesh (2010-2021) and Formulation of Bangladesh Vision 2041" শীর্ষক একটি প্রকল্প গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় প্রথম ধাপে প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১) এর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত উদ্দেশ্য, লক্ষ্য ও নির্দেশক সম্বলিত একটি ফ্রেমওয়ার্ক এর আলোকে মন্ত্রণালয়/বিভাগ হতে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও এনইসি সভার সিদ্ধান্তের আলোকে ৬ মাস অন্তর মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন এবং দ্বিতীয় ধাপে সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা হবে। ৩য় ধাপে ১৫টি ব্যাকগ্রাউন্ড স্টাডিসহ প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪০) প্রণয়ন, মুদ্রণ ও বিতরণ করা হবে।	• কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ।
৩. **বাংলাদেশ ডেল্টা পরিকল্পনা ২১০০ প্রণয়ন** ২০৫০ সালের মধ্যে বাংলাদেশকে বিশ্বের প্রথম সারির উন্নত দেশগুলোর সমপর্যায়ে উন্নীত করার লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদি উন্নয়ন কৌশলের (Development Strategy) রূপরেখা প্রণয়ন এবং রূপকল্প ২০২১ বাস্তবায়ন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, কৃষি, শিল্প, পরিবেশ ইত্যাদি খাতের উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ডেল্টা পরিকল্পনা ২১০০ প্রণয়ন করা হচ্ছে। ইতোমধ্যে গৃহীত কর্মপরিকল্পনার ধারাবাহিকতা বজায় রেখে দেশের কাঙ্খিত অগ্রগতির লক্ষ্যে কৃষি, মৎস্য, বনায়ন, পানি ব্যবস্থাপনা, জনস্বাস্থ্য ও পরিবেশ বিবেচনায় নিয়ে একটি সমন্বিত, দিক–নির্দেশনামূলক দীর্ঘমেয়াদি (৫০ থেকে ১০০ বছর) মহা পরিকল্পনা "বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০" প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	• কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ।
৪. **ডিজিটাল একনেক বাস্তবায়ন প্রকল্প** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনা প্রক্রিয়াকরণ, অনুমোদন ও বাস্তবায়ন, প্রকল্প প্রস্তাবনা গ্রহণ, সম্পদের বার্ষিক চাহিদা ও বন্টন , উন্নয়ন সহযোগীদের সাথে চুক্তি সম্পাদন, প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি সকল কাজ অনলাইনে সম্পাদন করার জন্য ডিজিটাল একনেক বাস্তবায়ন প্রকল্পকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এছাড়া এ	• কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ।